

প্রকৌশল অনুষদ (H ইউনিট)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা ২০১৭-২০১৮

ভর্তি বিজ্ঞপ্তি (২য় তালিকা)

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১মবর্ষ **H-Unit** (প্রকৌশল অনুষদ)-এর অঙ্কেমান তালিকা হতে ভর্তির জন্য নির্বাচিত ২য় তালিকা এতদসঙ্গে প্রকাশ করা হলো। নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১০-১২-২০১৭ তারিখ থেকে ১৩-১২-২০১৭ তারিখ দুপুর ১.৩০ টার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে (উল্লেখ্য যে, প্রতিদিন ভর্তি প্রক্রিয়া সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.৩০ পর্যন্ত চলবে)। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে তাদের আসন শূন্য বলে গণ্য হবে। উক্ত শূন্য আসনগুলি ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে তাদের বিভাগ পছন্দক্রম অনুসারে অটো মাইগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা হবে। অটো মাইগ্রেশন শেষে বিভিন্ন বিভাগে শূন্য আসনের বিপরীতে অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে আগামী ১৩-১২-২০১৭ তারিখ বিকেলে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ৩য় তালিকা প্রকাশ করা হবে।

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও করণীয় :

ক) অন-লাইনে পূরণকৃত ০২ (দুই) কপি প্রিন্টেড ফরম (A4 সাইজের অফসেট কাগজ)।

খ) এস.এস.সি ও এইচ.এস.সি এর মূল নম্বরপত্র (বিভাগে ১ বছর জমা থাকবে) ও সত্যায়িত ফটোকপি (২ সেট)।

গ) শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্র।

ঘ) এইচ.এস.সি এর মূল রেজিস্ট্রেশন কার্ড।

ঙ) ভর্তি পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশ পত্র।

চ) ৩,৮৫০/- (তিন হাজার আটশত পঞ্চাশ) টাকা **Dutch Bangla** মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

ভর্তি ফিস প্রদানের বিস্তারিত নিয়মাবলী admission.ru.ac.bd-তে পাওয়া যাবে।

ছ) বিভাগীয় ফিস (যেমনঃ ল্যাভঃ ফিস, সমিতি ফিস, বিবিধ ফিস) বাবদ ৩,০০০/- (তিন হাজার মাত্র) টাকা অনুষদে জমা দিতে হবে।

অন-লাইনে ভর্তি ফরম পূরণের নিয়মাবলী admission.ru.ac.bd-তে পাওয়া যাবে। অনলাইনে ভর্তি ফরম পূরণে যে কোন সমস্যা হলে, তথ্যাদির জন্য প্রকৌশল অনুষদ অফিসে (টেলিঃ ৭১১১২৫ নম্বরে) যোগাযোগ করা যেতে পারে। যে কোনো ধরনের ভুল সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(প্রফেসর ড. মোঃ মামুন-উর-রশীদ খন্দকার)

ডীন

প্রকৌশল অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।